গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১২৪ তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩ / ০৫ মে ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ০৫ মে ২০২৬ সকাল ৮.০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০২ নম্বর (পুনঃ) ০২ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ০৫.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** বিরাজমান লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ হতে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।
**পূর্বাভাস:**
**প্রথম দিন (০৫.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, খুলনা, ময়মনসিংহ, বরিশাল ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী , ঢাকা ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (০৬.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (০৭.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (০৮.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**পঞ্চম দিন (০৯.০৫.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা** : তাপমাত্রা আরো বাড়তে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৬ গোপালগঞ্জ | ৩২.৩ রাজশাহী | ৩২.০ রংপুর,সৈয়দপুর ও ডিমলা | ২৯.০ ময়মনসিংহ | ২৮.৪ শ্রীমঙ্গল | ৩৪.৫ টেকনাফ | **৩৫.২ সাতক্ষীরা** | ৩৪.৪ পটুয়াখালী |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২১.২ নরসিংদী | ২১.০ রাজশাহী | **২০.৫ তেঁতুলিয়া** | ২৩.৪ ময়মনসিংহ | ২১.০ সিলেট | ২৩.০ রাঙ্গামাটি,ফেনী,সন্দ্বীপ ও বান্দরবান | ২০.৮ কুমারখালী | ২২.৫ বরিশাল ও পটুয়াখালী |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **সাতক্ষীরা ৩৫.২°** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **তেঁতুলিয়া ২০.৫°।**

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**

**(২২ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৫ মে, ২০২৬ খ্রি.)**

## এক নজরে উত্তর-পূর্বাঞ্চলীয় হাওর অববাহিকার নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- **উত্তর-পূর্বাঞ্চলের মোট ০৯টি নদী ১১টি পয়েন্টেপ্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।সিলেট জেলার কুশিয়ারা নদী ফেঞ্চুগঞ্জ পয়েন্টে, সুনামগঞ্জ জেলার কুশিয়ারা নদী মারকুলি পয়েন্টে ও নালজুর নদী জগন্নাথপুর পয়েন্টে, নেত্রকোনা জেলার বাউলাই নদী খালিয়াজুড়ি পয়েন্টে, ভুগাই-কংস নদী জারিয়াজাঞ্জাইল পয়েন্টে, সো মেশ্বরী নদী কলমাকা ন্দা পয়েন্টে, মগরা নদী নেত্রকোনা ও আটপাড়া পয়েন্টে, হবিগঞ্জ জেলার কালনি-কুশিয়ারা নদী আজমেরিগঞ্জ পয়েন্টে, সুতাং নদী সুতাং-রেলওয়ে ব্রীজ পয়েন্টে এবং মৌলভীবাজার জেলার মনু নদী মৌলভীবাজার পয়েন্টে প্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার প্রধান নদীসমূহের মধ্যে **সুরমা-কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি পেয়েছে,** ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে, এবং ভুগাই-কংস নদীসমূহের পানি সমতল হ্রাস পেয়েছে।
- গত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের উজানে এবং অভ্যন্তরে হাওর অববাহিকায় কোন উল্লেখযোগ্য বৃষ্টিপাত হয়নি। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, এই অঞ্চলে আগামী ০১ দিন হালকা থেকে মাঝারি এবং পরবর্তী ০২ দিন **মাঝারি-ভারি থেকে ভারি** বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
- উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার **সিলেট, সুনামগঞ্জ** জেলার **সুরমা-কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল **আগামী ০৩ দিন ধীরগতিতে বৃদ্ধি পেতে পারে; ফলে সিলেট ও সুনামগঞ্জ জেলার কুশিয়ারা নদী সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি কিছুটা অবনতি**

হতে পারে।

- **নেত্রকোনা জেলার ভুগাই-কংস ও সোমেশ্বরী নদীসমূহের** পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে। **নেত্রকোনা জেলার ভুগাই-কংস অববাহিকার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি অব্যাহত থাকতে পারে।**
- **নেত্রকোনা** ও **কিশোরগঞ্জ** জেলার **ধনু-বাউলাই** নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে, এই **অববাহিকার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি অব্যাহত থাকতে পারে।**
- **মৌলভীবাজার** জেলার **মনু** নদীর পানি সমতল **আগামী ০১ দিন বৃদ্ধি** পেতে পারে ও পরবর্তী ০২ দিন স্থিতিশীল থাকতে পারে এবং **জুড়ি** নদীর পানি সমতল আগামী ০১ দিন স্থিতিশীল থাকতে পারে ও **পরবর্তী ০২ দিন** বৃদ্ধি পেতে পারে; অপরদিকে **হবিগঞ্জ** জেলার **খোয়াই** নদীর পানি সমতল আগামী ০১ দিন স্থিতিশীল থাকতে পারে ও **পরবর্তী ০২ দিন** বৃদ্ধি পেতে পারে। সুতাং নদীর পানি সমতল আগামী ০৩ দিন হ্রাস পেতে পারে, ফলে **হবিগঞ্জ জেলার বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।**

## পানি সমতল ও বারিপাত তথ্য

**(২২ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৫ মে, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত স্টেশন: ১১টি।**

| প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কুশিয়ারা | ফেঞ্চুগঞ্জ | সিলেট | ৭.৭৫ | ৭.৮০ | +২২ | +০৫ |
| কুশিয়ারা | মারকুলি | সুনামগঞ্জ | ৫.৯৫ | ৬.০৩ | +২২ | +০৮ |
| নালজুর | জগন্নাথপুর | সুনামগঞ্জ | ৫.৪০ | ৫.৮৬ | +০৬ | +৪৬ |
| ধনু-বাউলাই | খালিয়াজুড়ি | নেত্রকোণা | ৪.১৫ | ৪.২৯ | +০৬ | +১৪ |
| সোমেশ্বরী | কমলাকান্দা | নেত্রকোণা | ৪.৯০ | ৫.৩২ | -০৮ | +৪২ |
| ভুগাই-কংস | জারিয়াজাঞ্জইল | নেত্রকোণা | ৬.৩৫ | ৬.৮৬ | -১৬ | +৫১ |
| মগরা | নেত্রকোণা | নেত্রকোণা | ৫.৫০ | ৬.৩৭ | +০৮ | +৮৭ |
| মগরা | আটপাড়া | নেত্রকোণা | ৫.৮০ | ৬.০৪ | -০৩ | +২৪ |
| কালনি-কুশিইয়ারা | আজমেরীগঞ্জ | হবিগঞ্জ | ৪.৫৫ | ৪.৭৮ | +১৩ | +২৩ |
| সুতাং | সুতাং-রেলওয়ে ব্রীজ | হবিগঞ্জ | ৪.৯৫ | ৫.৬১ | -১৭ | +৬৬ |
| মনু | মৌলভীবাজার | মৌলভীবাজার | ৯.৫৫ | ৯.৫৬ | +১১০ | +০১ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

**বাংলাদেশের অভ্যন্তরে:** নেই।

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চল:** নেই।

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| | - |

নদ-নদীর অবস্থা

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৪৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৩৫ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ১১ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০০ | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে স্টেশন সংখ্যা | ১১ |

৫। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৩ মে ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ০৪ মে ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **০৯ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ১ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ১ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ২ | ০ | ০ |
| ৮. | রংপুর | ৩ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

০৫-০৫-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১২৪/১ (১৭)

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩
০৫ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৫-০৫-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা